কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

# For Procurement of Service

(Request for Quotation Method)

ISO 9001:2015 Certified

## পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১

## চাটমোহর, পাবনা।

**পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর "বিনষ্ট/পোড়া (গাঁদ) ট্রান্সফরমার তেল রিফাইন" করার কোটেশন (RFQ) পুনঃদরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।**

---

## পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১

## চাটমোহর, পাবনা।

১২. দর টাকায় উদ্বৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, টিআইএন নম্বর ও কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৪. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহনযোগ্য কোটেশন নির্ধারনের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৬. পরিবহন (লোডিং ও আনলোডিং) ব্যয় অন্তর্ভূক্ত থাকবে।

১৭. উদ্বৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্বৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৮. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ১৫ (পনেরো) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৯. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জারী করতে হবে।

২০. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

21.05.23
(মোঃ আকমল হোসেন)
জেনারেলম্যানেজার

**অনুলিপিঃসদয়অবগতিওনোটিশবোর্ডেরমাধ্যমেপ্রচারেরঅনুরোধসহ (জ্যেষ্ঠতারক্রমানুসারেনয়)।**

১। পরিচালক, পবিসমনিটরিংওব্যবস্থাপনাপরিচালন (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-বিআরইবি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৩। তত্ত্বাবধায়কপ্রকৌশলী, রাজশাহীজোন, বাপবিবোর্ড, রাজশাহী।
৪। জেলাপ্রশাসক, পাবনা।
৫। পুলিশসুপার, পাবনা।
৬। নির্বাহীপ্রকৌশলী, এলজিইডি/ গণপূর্তবিভাগ / সওজবিভাগ, পাবনা।
৭। নির্বাহীপ্রকৌশলী, এসওডি, বাপবিবোর্ড, পাবনা।
৮। সিনিয়রজেনারেলম্যানেজার/জেনারেলম্যানেজার.........................পল্লীবিদ্যুৎসমিতি-১/২/৩/৪।
৯। ডিজিএম, (কারিগরী)/ দাশুড়িয়া /আটঘরিয়া/ভাংগুড়াজোনালঅফিস, পাবনাপবিস-১।
১০। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, পাবনা।
১১। এজিএম (ওএন্ডএম),ফরিদপুরসাব-জোনালঅফিস, পাবনাপবিস-১।
১২। এজিএম (ওএন্ডএম/এমএস/অর্থ/ইএন্ডসি/আইটি), পাবনাপবিস-১।
১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), পাবনা পবিস-১ (পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১৪। মেসার্স--------------------------------------------------।
১৫। নোটিশবোর্ড, পাবনাপবিস-১।

21.05.23
(মোঃ আকমল হোসেন)
জেনারেলম্যানেজার

১

## কোটেশন দাখিল পত্র

## [প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশন নম্বরঃ ২৭.১২.৭৬২২.৫০৭.০১.০৩৮.২৩. ২৮-১৮ তারিখঃ- ২১/০৫/২০২৩ খ্রিঃ।

প্রতি
জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"বিনষ্ট/পোড়া (গাঁদ) ট্রান্সফরমার তেল রিফাইন"**করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা**[অংকে এবং কথায় উল্লেখ করুন]**

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমাপর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবংকোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/ আমরা (..................) তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখঃ

## সংশ্লিষ্টপণ্য/সেবার মূল্য তফশীল

কোটেশন নম্বরঃ ২৭.১২.৭৬২২.৫০৭.০১.০৩৮.২৩.

তারিখঃ- ২১/০৫/২০২৩ খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নং | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমাণ | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে /কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | ০৪ | বিনষ্ট/পোড়া (গাঁদ) ট্রান্সফরমার তেলের রিফাইন ব্যয় | ড্রাম | ৩০ | | | | পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ চাটমোহর, পাবনা |
| ০২ | | নতুন খালি ড্রামের মূল্য | ড্রাম | ২৪ | | | | |
| ০৩ | | পুরাতন খালি ড্রামের মূল্য | ড্রাম | ৩০ | | | | |
| ০৪ | | রিফাইন ট্রান্সফরমার তেলের উপর ভ্যাট ১৫% | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | অংকে | | |
| | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | পাবনাপল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা। |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

আমি/ আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের তফশীল [......] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/ আমাদের প্রস্তাব দিন/মাস/বছর পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

তারিখ

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর

কোটেশনদাতার নাম

**টীকা:**

০১. কলাম ১,২,৩,৪,৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬,৭, ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

০২. যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্য ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহণ খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরণের কর, শুল্ক, ফী লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য ব্যয় অন্তর্ভুক্ত থাকবে।

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্নাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ০৪ | বিনষ্ট/পোড়া (গাঁদ) ট্রান্সফরমার তেলের রিফাইন ব্যয় | | | |
| ০২ | | নতুন খালি ড্রামের মূল্য | | | |
| ০৩ | | পুরাতন খালি ড্রামের মূল্য | | | |
| ০৪ | | রিফাইন ট্রান্সফরমার তেলের উপর ভ্যাট ১৫% | | | |

আমি/ আমরা ঘোষনা দিচ্ছি যে, আমি/ আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

তারিখ

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
কোটেশনদাতার নাম

**টীকা:**

০১. কলাম ১, ২,৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

০২. বিনির্দেশ (পূর্নাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্নাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশ আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভূক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সাম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/ প্রচারপত্র সংযুক্ত করবে।

# পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

০১. প্রতিটি ব্যারেলে (২০৫লিঃ) ময়লা ও গাঁদযুক্ত তেল থাকবে।

০২. প্রদত্ত ৩০ব্যারেল তেল হতে কমপক্ষে ৭৫% হতে ৮০% রিফাইন তেল ফেরত প্রদান করতে হবে।

০৩. বাংলাদেশ এ্যানার্জি রেগুলেটরী কমশিন(BERC) এর লাইসেন্স/বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পরেশন (BPC) এর সহিত চুক্তি থাকতে হবে।

০৪. পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র থাকতে হবে।

০৫. প্রেরনকৃত তেলের পরিমান প্রাথমিক রাসায়নিক পরীক্ষা নির্ধারণ হওয়ার ক্ষেত্রে তেলের ইনভেন্টরীতে সমিতি কর্তৃক প্রেরিত প্রতিনিধি এবং কোম্পানীর প্রতিনিধি স্বাক্ষর করবেন।

০৬. কোম্পানীর নিজস্ব পরিবহনে তেল নিতে হবে এবং রিফাইন শেষে তেল ফেরৎ প্রদান করতঃ লোডিং আনলোডিং বিলসহ পরিবহ বিল দাখিল সাপেক্ষে সমিতি কর্তৃক পরিশোধ করা হবে।

০৭. তেলের কমিক্যাল ট্রিটমেন্ট ও রিফাইন কার্যাদী সম্পাদন পূর্বক সমিতিতে ডেলিভারী দেওয়ার জন্য ব্যবস্থা নিতে হবে। তৎপূর্বে রিফাইনকৃত তেল সমিতির প্রতিনিধি এবং সিষ্টেম অপারেশন প্রতিনিধির উপস্থিতিতে টেষ্ট করার বিষয়ে লিখিত ভাবে কমপক্ষে ০২(দুই) দিন পূর্বে অবহিত করতে হবে।

০৮. সমিতি কর্তৃক সরবরাকৃত ড্রাম পরিবর্তন করে নতুন পরিষ্কার ড্রাম সমুহে রিফাইন করা তেল ফেরত প্রদান করতে হবে।

০৯. সরকারী নিয়ম অনুযায়ী অত্র প্রতিষ্ঠান ভ্যাট প্রদান করবে।

১০. রিফাইন করা তেল সমিতি ষ্টোরে জমা প্রদান করার পর চালান ও বিল দাখিল সাপেক্ষে চেক এর মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১১. চুক্তি পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

১২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারনত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

১৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১৫ (পনেরো) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

১৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারনের ভিত্তিতে সরবরাহকারীর তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

১৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেষ্টিং, কমিশনিং ও তদারকির উদ্দেশ্যে যে কোন সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

১৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

১৭. যদি পণ্যে কোন ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

১৮. সরবরাহকারী সকল ধরণের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধিন এইরকম অন্যান্য লেভি পরিশোধের সম্পূর্ন দায়বদ্ধ থাকবে।

১৯. অন্য কোথাও যাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমানের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

২০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভূক্ত থাকবে।

২১. মোট চুক্তি মূল্য টাকা অংকে................................ কথায়,..................................................।

২২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ (মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন)।

২৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

২৪. সরবরাহকারী পণ্য ওসংশ্লিষ্টসেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

২৫. পণ্য ওসংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।

২৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভিতরে সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

২৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমানের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

২৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি মোতাবেক প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলী সংশোধন করতে পারবে।

২৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ন চুক্তি বা চুক্তির কোন অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক) সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ) পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতা বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোন দূর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ) চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

৩০. এই চুক্তি হতে উদ্ভূত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরণের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

৩১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

৩২। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয় সমাধানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুরান্ত বলে গন্য হবে।

| ক্রেতার জন্য: | সরবরাহকারীর জন্য: |
|---|---|
| নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: |